



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর।
ফোনঃ ০৬৬১-৬১৫২৪, ওয়েব : www.mgc.ac.bd



তারিখ : ০৫/০২/২০২৩

বিএনসিসি ক্যাডেট ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২২-২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদারীপুর সরকারি কলেজ বিএনসিসি প্লাটনে কিছু সংখ্যক নতুন ক্যাডেট (পুরুষ) ভর্তি করা হবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৬/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

আবেদনকৃত প্রার্থীদের প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে। পরবর্তীতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের মধ্য হতে সুন্দরবন রেজিমেন্ট খুলনা হতে আগত সামরিক বাহিনীর কর্মকর্তাদের উপস্থিতিতে চূড়ান্ত বাছাই সম্পন্ন করা হবে।

উল্লেখ্য যে, আগ্রহী প্রার্থীর এসএসসি ফলাফল ন্যূনতম জিপিএ ৩.০০ হতে হবে। প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ফুট ৬ ইঞ্চি হতে হবে এবং তাকে শারীরিকভাবে সম্পূর্ণ নিরোগ-সুঠাম দেহের অধিকারী হতে হবে। অতিরিক্ত উচ্চতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে দক্ষ এবং জিপিএ ৫ ও ইংরেজি ভাষায় পারদর্শী প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।

আরো উল্লেখ্য যে, বিএনসিসি একটি অরাজনৈতিক ও স্বচ্ছসেবী সংগঠন। তাই বিএনসিসি ক্যাডেট হওয়ায় আগ্রহী প্রার্থী কোনমতেই কোন রাজনৈতিক সংগঠনের সহিত সম্পৃক্ত হতে পারবে না এবং তাকে অবশ্যই সমাজের অসহায় দুস্থ মানুষের বিপদকালীন সময়ে তাদের পাশে দাঁড়ানো ও সেবার হাত বাড়িয়ে দেওয়ার মানসিকতা থাকতে হবে। এছাড়া বিএনসিসি সামরিক বাহিনীর নিয়ন্ত্রাধীন সংস্থা বলে আগ্রহী প্রার্থীদেরকে শৃঙ্খলাবোধসম্পন্ন হতে হবে।

আবেদন ফরম প্রাপ্তি ও জমাদানের স্থান : কক্ষ নং-২২ (মূল ভবন ৩য় তলা)
(সকাল ৯:০০ টা হতে ১২:৩০ টা)

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের নম্বর : ০১৫৩৭৩৮৮৬৩৬, ০১৩০৯৮০৯৪৮১

(প্রফেসর মোঃ জামান মিয়া)

অধ্যক্ষ

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর

প্রফেসর মোঃ জামান মিয়া
আইডি নং-১৮৬২

অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

(কামাল হোসেন)

পিইউও

বিএনসিসি প্লাটুন

কামাল হোসেন (পি-৭৬০)
পিইউও, বিএনসিসি প্লাটুন
মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর



মাদারীপুর সরকারি কলেজ বিএনসিসি প্লাটুন



ভর্তি বিজ্ঞপ্তি

মাদারীপুর সরকারি কলেজ বিএনসিসি প্লাটুনে ক্যাডেট ভর্তি চলছে

বিএনসিসি কী?

বিএনসিসি হলো বাংলাদেশ সেনাবাহিনীর দ্বিতীয় সারির, আধাসামরিক, সেচ্ছাসেবী বাহিনী।

প্রাপ্ত সুযোগ- সুবিধা :

- ১। মাতৃভূমির প্রতিরক্ষার মহান দায়িত্ব পালনের জন্য সরকারি খরচ ও ব্যবস্থাপনায় সামরিক প্রশিক্ষণ গ্রহণের সুযোগ।
- ২। সামরিক বাহিনীতে অফিসার পদে যোগদানের ক্ষেত্রে সরাসরি ISSB তে অংশগ্রহণ করার সুবর্ণ সুযোগ।
- ৩। সৈনিক পদে বিশেষ কোটা প্রাপ্তি।
- ৪। সেনাবাহিনীর সাথে বিনা খরচে শীতকালীন যৌথ সামরিক প্রশিক্ষণে অংশগ্রহণ ও সনদপ্রাপ্তির সুযোগ।
- ৫। জাতীয় প্যারেডে অংশগ্রহণের সুযোগ।
- ৬। সরকারি খরচে বিদেশ ভ্রমণের সুযোগ এবং বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সাথে সাক্ষাতের বিরল সুযোগ।

যোগদানের যোগ্যতা :

- ১। একাদশ শ্রেণির শিক্ষার্থী হতে হবে।
- ২। উচ্চতা : সর্বনিম্ন ৫ ফুট ৬ ইঞ্চি হতে হবে।
- ৩। বয়স ও উচ্চতা অনুযায়ী অতিরিক্ত ওজন হলে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৪। এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তরা বিশেষ ভাবে বিবেচিত হবে।

বিএনসিসি এর উদ্দেশ্য :

দেশের বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলের ছাত্রছাত্রী তথা যুবসমাজকে সামরিক প্রশিক্ষণ প্রদান, নৈতিক চরিত্র গঠন এবং নেতৃত্বের গুণাবলি বিকশিত করার মাধ্যমে ক্যাডেটদের দ্বিতীয় সারির প্রতিরক্ষা বাহিনী হিসাবে গড়ে তোলা

প্রশিক্ষণ :

- ১। নিয়মিত প্রশিক্ষণ : প্লাটুন পর্যায়ে সপ্তাহে দুইদিন সামরিক প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ২। ক্যাম্পিং : নির্বাচিত ক্যাডেট গণ ব্যাটালিয়ন, রেজিমেন্ট এবং জাতীয় পর্যায়ে বিভিন্ন বিশেষ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ পায়।
- ৩। নির্বাচিত ক্যাডেটদের সেনাবাহিনীর সাথে যৌথ শীতকালীন মহড়ায় অংশগ্রহণ।

মূল ভবনের ৩য় তলায় ২২নং কক্ষ থেকে ফর্ম সংগ্রহ করুন

আবেদনের সময়সীমা:

৫ই ফেব্রুয়ারী থেকে ১৬ই ফেব্রুয়ারী



প্রয়োজনে: 01537388636, 01309809481

বিএনসিসি সর্ম্পকে বিস্তারিত জানতে স্ক্যান করুন
অথবা, www.bncc.info